গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও
pirganj.thakurgaon.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৯৪.০০০.১৫.০০১.২০২৩-৫৮০ তারিখ: ১০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ জুলাই ২০২৩ খ্রি

# জলমহাল ইজারা বন্দোবস্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/১৪৩০

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার ইজারা যোগ্য ০১ নং খাস খতিয়ানভুক্ত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ইজারার লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৪ মার্চ ২০১২ খ্রিস্টাব্দ এ প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৪ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ এ ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-১৭৪ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩ বছর অর্থাৎ (১৪৩০-১৪৩২) মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্ত সাপেক্ষে নির্দিষ্ট ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র ৫০০/= (পাঁচশত) টাকা নগদ মূল্যে (অ-ফেরত যোগ্য) নিম্নোক্ত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসকের এর কার্যালয়, ঠাকুরগাঁও, উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, পীরগঞ্জ ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, পীরগঞ্জ হতে সংগ্রহ ও দাখিল করা যাবে।

বিস্তারিত তথ্য জলমহাল ইজারা/বন্দোবস্ত সংক্রান্ত শর্তসমূহ ও অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও **pirganj.thakurgaon.gov.bd** এবং **acl.pirganj.thakurgaon.gov.bd** ওয়েব ঠিকানা হতে জানা যাবে।

| পর্যায় | আবেদন ফরম ক্রয়ের সর্বশেষ সময়সীমা | | আবেদন দাখিল | | আবেদন উন্মুক্তকরণ | |
|---|---|---|---|---|---|---|
| | তারিখ | সময় | তারিখ | সময় | তারিখ | সময় |
| ২য় | ২০/০৮/২০২৩ খ্রি: | বিকাল ৩.৩০ টা | ২১/০৮/২০২৩ খ্রি: | সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২১/০৮/২০২৩ খ্রি: | বিকাল ২.০০টা |

## ১৪৩০-১৪৩২ বাংলা সনে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নংড় | আয়তন (একরে) | ৫% বৃদ্ধিতে ০৩ (তিন) বছরের সরকারী মূল্য এবং নতুনভাবে সংযুক্ত খাস পুকুরের নির্ধারণকৃত সরকারী মূল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ভোমরাদহ | দামনিহাড়ী | জনগাঁও | ৪১২১ | ৫.২২ | ২১,১০,৫০০/- | |
| ০২ | ভোমরাদহ | ইলাহার | জনগাঁও | ৩৬৯২ | ০.০৬ | ১,৭৩৪/- | |
| ০৩ | খনগাঁও | খনগাঁও | খনগাঁও | ১০৪ | ০.৩৬ | ৫,৩৫৫/- | |
| ০৪ | পীরগঞ্জ | ককুয়া পুকুর | জগথা | ১১১১ | ২.০৩ | ১৪,৮০৫/- | |
| ০৫ | দৌলতপুর | জিয়াল বিল | কেউটগাঁও | ৩২৪/১১০৬ ৩২৪/১১৫৯ | ২.৩২ | ৩,৩০,৭৫০/- | |
| ০৬ | জাবরহাট | বারী পুকুর | জাবরহাট | ৪৩ | ২.৬৪ | ৫,৩৫,৫০০/- | |
| ০৭ | পীরগঞ্জ | পুকুর | জগথা | ২০৩৩,২০৩৪, ২০৩৫,২০৩৬ | ০.১৮ | ৪১৭৪/- | |
| ০৮ | ভোমরাদহ | হাট পুকুর | জনগাঁও | ৪৮৫ ১০১৪ | ১.৯১ | ৬,৯৬,১৫০/- | |
| ০৯ | সৈয়দপুর | টাংগা | হরিটা | ৪০৬ | ০.৭৫ | ৩,৪৬,৫০০/- | |
| ১০ | সৈয়দপুর | চেপটি | হরিটা | ৩৭৩ | ০.৫৬ | ১,৮৯,০০০/- | |
| ১১ | জাবরহাট | বোচা পুকুর | জাবরহাট | ৭৩৭ | ১.৯০ | ২,৩৬,২৫০/- | |
| ১২ | দৌলতপুর | পুকুর | বিষ্ণুপুর | ৪৪০ | ২.৪৬ | ৬,৮০,৪০০/- | |
| ১৩ | সৈয়দপুর | মলানী | হরিটা | ৩৪১ | ০.৪২ | ২৮,৩৫০/- | |
| ১৪ | কোষারাণীগঞ্জ | পুকুর | বেতুরা | ৫৬৯,৯০১/৯০৬ | ০.৪১ | ১,৯৩৮/- | |
| ১৫ | পীরগঞ্জ | পুকুর | জগথা | ১৯৯২ | ০.৪০ | ৩,৯৬৯/- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | পীরগঞ্জ | পুকুর | ভীমটিয়া | ৬৮৪/৯২৭ | ০.৫০ | ২,৮৩৫/- | |
| ১৭ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৮৩০ | ০.১৬ | ৫,৬৭০/- | |
| ১৮ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৬৯৫/১১৬৪ | ০.২২ | ১,৭৩৩/- | |
| ১৯ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ১০৩৩ | ১.০৪ | ১০,৫৮৪/- | |
| ২০ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ১০০৭ | ০.৩২ | ৩,৭২৭/- | |
| ২১ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৯১৭ | ০.২১ | ৭,৪৫০/- | |
| ২২ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৮৭৩ | ০.৪৫ | ২,৮৩৫/- | |
| ২৩ | দৌলতপুর | পুকুর | জয়কুর | ৫০৫ | ০.৩৩ | ১১,৯৭০/- | |
| ২৪ | দৌলতপুর | পুকুর | মল্লিকপুর | ৪২৪ | ০.৭৮ | ৪৯,৬৬৭/- | |
| ২৫ | দৌলতপুর | পুকুর | বিষ্ণুপুর | ৬৬৬ | ১.৩০ | ১,৮১,৯১৩/- | |
| ২৬ | দৌলতপুর | পুকুর | বিষ্ণুপুর | ৪১৭ | ০.৫৬ | ৭,০৬২/- | |
| ২৭ | সেনগাঁও | পুকুর | দানাজপুর | ৬২৭ | ২.৪৬ | ৮৪,৩৫১/- | |
| ২৮ | জাবরহাট | পুকুর | বৃদ্ধিগাঁও | ৫৪৪ | ০.২১ | ১,২৬০/- | |
| ২৯ | ভোমরাদহ | পুকুর | জনগাঁও | ৭৫০ | ০.২৭ | ৮,১০০/- | |
| ৩০ | ভোমরাদহ | পুকুর | রাধিকাপুর | ১২২৪ | ০.০৬ | ১,৮০০/- | |
| ৩১ | ভোমরাদহ | পুকুর | সিনুয়া | ১২২১ | ০.১৫ | ৪,৫০০/- | |
| ৩২ | ভোমরাদহ | পুকুর | সিনুয়া | ১৩২১ | ০.০৫ | ১,৫০০/- | |
| ৩৩ | ভোমরাদহ | পুকুর | সিনুয়া | ২২৬৭ | ০.২১ | ৬,৩০০/- | |
| ৩৪ | ভোমরাদহ | পুকুর | সিনুয়া | ২২১৭ | ০.২১ | ৬,৩০০/- | |
| ৩৫ | কোষারাণীগঞ্জ | পুকুর | ভামদা | ৭১৫ | ০.৪০ | ১২,০০০/- | |
| ৩৬ | কোষারাণীগঞ্জ | পুকুর | বেতুরা | ৯২৬/৮৬৪ | ০.০৭ | ২,১০০/- | |
| ৩৭ | কোষারাণীগঞ্জ | পুকুর | বেতুরা | ৫৩৩/৮৮৯ | ০.১৭ | ৫,১০০/- | |
| ৩৮ | খনগাঁও | পুকুর | খনগাঁও | ১১৫/ ১৫৮৭ | ০.০৩ | ৯০০/- | |
| ৩৯ | খনগাঁও | পুকুর | খনগাঁও | ১৬৫/১৫৮৮ | ০.৩৮ | ১১,৪০০/- | |
| ৪০ | খনগাঁও | পুকুর | খনগাঁও | ১৮৪০/২১৮১ | ০.১০ | ৩,০০০/- | |
| ৪১ | খনগাঁও | পুকুর | খনগাঁও | ১১৫/১৫৮৯ | ০.০৩ | ৯০০/- | |
| ৪২ | খনগাঁও | পুকুর | শিমুলবাড়ী | ১০৬০ | ০.০৬ | ১,৮০০/- | |
| ৪৩ | খনগাঁও | পুকুর | শিমুলবাড়ী | ৭০৪ | ০.০৭ | ২,১০০/- | |
| ৪৪ | খনগাঁও | পুকুর | কিসমত উজ্জলকোঠা | ১৫৮ | ০.২৯ | ৮,৭০০/- | |
| ৪৫ | খনগাঁও | পুকুর | কিসমত উজ্জলকোঠা | ২৩২ | ০.০৮ | ২,৪০০/- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৬ | খনগাঁও | পুকুর | বাঙ্গালীকুড়া | ৩৫২ | ০.৮৩ | ২৪,৯০০/- | |
| ৪৭ | সৈয়দপুর | পুকুর | নধাবাড়ী | ১৬ | ০.৩৩ | ৯,৯০০/- | |
| ৪৮ | সৈয়দপুর | পুকুর | ভবানীপুর | ৯৫২ | ০.৩৪ | ১০,২০০/- | |
| ৪৯ | সৈয়দপুর | পুকুর | ছোটবেগুনবাড়ী | ১৫০ | ০.৪৪ | ১৩,২০০/- | |
| ৫০ | পীরগঞ্জ | পুকুর | ভেলাতের | ১২৬৬ | ০.১৯ | ৫,৭০০/- | |
| ৫১ | পীরগঞ্জ | পুকুর | ভেলাতের | ২০৪১ | ০.১৭ | ৫,১০০/- | |
| ৫২ | পীরগঞ্জ | পুকুর | ভেলাতের | ২০৪৬ | ০.৩৬ | ১০,৮০০/- | |
| ৫৩ | পীরগঞ্জ | পুকুর | বীরহলী | ২০ | ০.০১ | ৩০০/- | |
| ৫৪ | পীরগঞ্জ | পুকুর | নারায়নপুর | ৩৪৪ | ০.৩৬ | ১০,৮০০/- | |
| ৫৫ | পীরগঞ্জ | পুকুর | নারায়নপুর | ২৯৮ | ০.৩০ | ৯,০০০/- | |
| ৫৬ | পীরগঞ্জ | পুকুর | নারায়নপুর | ২৯২৭ | ০.২৮ | ৮,৪০০/- | |
| ৫৭ | পীরগঞ্জ | পুকুর | নারায়নপুর | ৫১৬ | ০.০৩ | ৯০০/- | |
| ৫৮ | পীরগঞ্জ | পুকুর | জগথা | ২৭১ | ০.২৫ | ৭,৫০০/- | |
| ৫৯ | পীরগঞ্জ | পুকুর | জগথা | ৪৯৩ | ০.১৬ | ৪,৮০০/- | |
| ৬০ | পীরগঞ্জ | পুকুর | জগথা | ২২৩১/২৩৬০ | ০.৮২ | ২৪,৬০০/- | |
| ৬১ | পীরগঞ্জ | পুকুর | বিশমাইল | ৩৮ | ০.১০ | ৩,০০০/- | |
| ৬২ | পীরগঞ্জ | পুকুর | বিশমাইল | ৩২৭ | ০.১২ | ৩,৬০০/- | |
| ৬৩ | পীরগঞ্জ | পুকুর | বিশমাইল | ৪৯৭ | ০.১৪ | ৪,২০০/- | |
| ৬৪ | পীরগঞ্জ | পুকুর | বিশমাইল | ৫৯৯ | ০.৫৮ | ১৭,৪০০/- | |
| ৬৫ | হাজীপুর | পুকুর | মালগাঁও | ২৫২/৯৫৭ | ০.০৬ | ১,৮০০/- | |
| ৬৬ | হাজীপুর | পুকুর | মালগাঁও | ০৪ | ০.১১ | ৩,৩০০/- | |
| ৬৭ | হাজীপুর | পুকুর | শিবরামবাটী | ৩৭ | ০.১২ | ৩,৬০০/- | |
| ৬৮ | হাজীপুর | পুকুর | দেহানগর | ২১৭ | ০.১৭ | ৫,১০০/- | |
| ৬৯ | হাজীপুর | পুকুর | দেহানগর | ২১৩ | ০.২১ | ৬,৩০০/- | |
| ৭০ | হাজীপুর | পুকুর | পটুয়াপাড়া | ১৫১৯ | ০.৪৭ | ১৪,১০০/- | |
| ৭১ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৭১৯ | ০.০৫ | ১,৫০০/- | |
| ৭২ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ৯৫৮ | ০.১৬ | ৪,৮০০/- | |
| ৭৩ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ১৪০ | ০.১৫ | ৪,৫০০/- | |
| ৭৪ | দৌলতপুর | পুকুর | কেউটগাঁও | ১২৩০ | ০.০৪ | ১,২০০/- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৭৫ | দৌলতপুর | পুকুর | কেউটাগাঁও | ৭৬০ | ০.১৮ | ৫,৪০০/- | |
| ৭৬ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ৪৩৯ | ০.০১ | ৩০০/- | |
| ৭৭ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ৫৬৯ | ০.০৭ | ২,১০০/- | |
| ৭৮ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ১০১৭ | ০.০৬ | ১,৮০০/- | |
| ৭৯ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ১১৮২ | ০.০৪ | ১,২০০/- | |
| ৮০ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ১০৪০ | ০.০৪ | ১,২০০/- | |
| ৮১ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ৪৪৫ | ০.০৩ | ৯০০/- | |
| ৮২ | দৌলতপুর | পুকুর | জয়কৃষ্ণপুর | ৬১০ | ০.০৩ | ৯০০/- | |
| ৮৩ | দৌলতপুর | পুকুর | জয়কুর | ৬১৫ | ০.০৪ | ১,২০০/- | |
| ৮৪ | দৌলতপুর | পুকুর | জয়কুর | ৫৩৮ | ০.০৮ | ২,৪০০/- | |
| ৮৫ | দৌলতপুর | পুকুর | মল্লিকপুর | ২৮০৪ | ০.১১ | ৩,৩০০/- | |
| ৮৬ | দৌলতপুর | পুকুর | মল্লিকপুর | ৪৪৬৩ | ০.৩৩ | ৯,৯০০/- | |
| ৮৭ | দৌলতপুর | পুকুর | মল্লিকপুর | ২৭৯৮ | ০.২৪ | ৭,২০০/- | |
| ৮৮ | দৌলতপুর | পুকুর | কাশোর | ২২৬১ | ০.৫০ | ১৫,০০০/- | |
| ৮৯ | দৌলতপুর | পুকুর | কাশোর | ৮৪৩ | ০.৩৭ | ১১,১০০/- | |
| ৯০ | দৌলতপুর | পুকুর | কাশোর | ২২৫৭ | ০.২৭ | ৮,১০০/- | |
| ৯১ | দৌলতপুর | পুকুর | বিষ্ণুপুর | ৫৩১ | ০.৩০ | ৯,০০০/- | |
| ৯২ | দৌলতপুর | পুকুর | বিষ্ণুপুর | ৪১৫ | ০.৪৩ | ১২,৯০০/- | |
| ৯৩ | দৌলতপুর | পুকুর | নানুহার | ০৫ | ০.৩০ | ৯,০০০/- | |
| ৯৪ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ২৪৭ | ০.১০ | ৩,০০০/- | |
| ৯৫ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ৩৯২ | ০.৩৯ | ১১,৭০০/- | |
| ৯৬ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ৬৩৪ | ০.৩৮ | ১১,৪০০/- | |
| ৯৭ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ৯৪৭ | ০.৩৪ | ১০,২০০/- | |
| ৯৮ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ১৮৭৩ | ০.৯৫ | ২৮,৫০০/- | |
| ৯৯ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ১৪৪৯ | ০.৪২ | ১২,৬০০/- | |
| ১০০ | সেনগাঁও | পুকুর | দস্তমপুর | ১৮১৩ | ০.৯৫ | ২৮,৫০০/- | |
| ১০১ | জাবরহাট | পুকুর | জাবরহাট | ১০১৬ | ০.২৩ | ৬,৯০০/- | |
| ১০২ | জাবরহাট | পুকুর | বৃদ্ধিগাঁও | ৫৪৩ | ০.১৬ | ৪,৮০০/- | |
| ১০৩ | জাবরহাট | পুকুর | বৃদ্ধিগাঁও | ৩২৩ | ০.১২ | ৩,৬০০/- | |
| ১০৪ | জাবরহাট | পুকুর | করনাই | ১০৮৫ | ০.০৮ | ২,৪০০/- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১০৫ | জাবরহাট | পুকুর | করনাই | ১১২৪ | ০.৫০ | ১৫,০০০/- | |
| ১০৬ | জাবরহাট | পুকুর | বড়বাড়ী | ২৩৩১/ ২৭৫১ | ০.৫১ | ১৫,৩০০/- | |
| ১০৭ | জাবরহাট | পুকুর | সেত্রাপাড়া | ২০১ | ০.২৭ | ৮,১০০/- | |
| ১০৮ | জাবরহাট | পুকুর | বোলদিয়ারা | ১২৬ | ০.৫৭ | ১৭,১০০/- | |
| ১০৯ | বৈরচুনা | পুকুর | হাটপাড়া | ৫১২ | ০.৯৭ | ২৯,১০০/- | |
| ১১০ | বৈরচুনা | পুকুর | শিরাইল | ৬৭০ | ০.১১ | ৩,৩০০/- | |

## শর্তাবলী :

১। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহাল/পুকুরের বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত অথবা জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত মূল্য অপেক্ষা বেশি না হলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।

২। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে।

৩। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৪। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন।

৫। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃপক্ষ প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সংগে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রির্পোট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন সমিতির জন্য অডিট রির্পোট প্রয়োজন হবে না।

৬। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতি/জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৭। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ অথবা কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তা হলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৮। দরদাতাকে জলমহাল ইজারায় অংশগ্রহনের পূর্বে জলমহাল/(পুকুর) সরেজমিনে দেখে নিশ্চিৎ হয়ে জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে হবে।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল/পুকুর ইজারা পাবে না।

১০। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% "সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১২। সরকারি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি'২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৩। মৎস্যজীবী সংগঠন ও সমিতি-কে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৪। যে সকল সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হয়েছে, ঐ সকল সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৫। ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ শাখা কর্তৃক ১৪/০৩/২০১২ খ্রি: তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের ভিত্তিতে ২০.০০ একর পর্যন্ত জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরনে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চার পার্শ্বে নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তি গণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা ; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্ত ; ঙ) আনছার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি ঐ সমিতির সদস্য হতে পারবেন না।

১৬। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

২৫/০৭/২৩

(মো: শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৯৪.০০০.১৫.০০১.২০২৩- ৮০৭ তারিখ: ১০ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৩ খ্রি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-৩

০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও

০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও

০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঠাকুরগাঁও ।

০৫। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয় (সচিব, ভূমি মন্ত্রনালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও

০৭। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ/রানীশংকৈল/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও সদর

০৮। মেয়র, পীরগঞ্জ পৌরসভা, ঠাকুরগাঁও

০৯। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। সহকারী কমিশনার (ভূমি), পীরগঞ্জ/ রানীশংকৈল/ বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও সদর

১১। উপজেলা...........................................................অফিসার (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও

১২। সম্পাদক, দৈনিক ..................................................................। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১(এক) দিন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো ।

১৩। চেয়ারম্যান.......................................................ইউনিয়ন পরিষদ (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও ।

১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.............................................ইউনিয়ন ভূমি অফিস,পীরগঞ্জ, ঠাকুরগাঁও। তাকে তার এলাকার হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।

১৫। জনাব..........................................................................................................

১৬। অফিস কপি

২৫/০৭/২০২৩

আব্দুল্লাহ আল রিফাত
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

২৫/০৭/২০২৩